# প্রতিযোগিতা সাময়িকী

বর্ষ ১। সংখ্যা ২। নভেম্বর ২০২০। কার্তিক ১৪২৭

## প্রতিযোগিতা সাময়িকী প্রকাশ

প্রতিযোগিতার মাধ্যমে সুষ্ঠু বাজার ব্যবস্থা প্রতিষ্ঠা লাভ করে। ফলশ্রুতিতে বাজারে পণ্য ও সেবা ভোক্তা-বান্ধব হয়। দেশে একটি প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেতন করা ও আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে একটি সুষ্ঠু ব্যবসায়িক পরিবেশ গড়ে তুলতে ইতোমধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন উদ্যোগ গ্রহণ করেছে। বাজারে সুস্থ প্রতিযোগিতা থাকলে মুক্ত বাজার ব্যবস্থায় অর্থনীতি ও জনগণের সর্বাধিক কল্যাণ নিশ্চিত হয়। কিন্তু বাস্তবতার নিরিখে অনেক ক্ষেত্রে বাজারে সুস্থ প্রতিযোগিতা বিরাজমান থাকে না, প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড সংঘটিত হয়। ফলে স্বল্প মূল্যে গুণগত মানসম্পন্ন ও বৈচিত্র্যময় পণ্য ও সেবা লাভের ক্ষেত্রে ভোক্তা ক্ষতিগ্রস্ত হয়। এ প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করার জন্য প্রতিযোগিতা আইন, ২০১২ এর সঠিক বাস্তবায়ন অপরিহার্য। নবগঠিত কমিশন প্রতিযোগিতা আইনের সফল বাস্তবায়নে প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন, জনবল নিয়োগ, প্রশিক্ষণ, তথ্যভাণ্ডার স্থাপন, অ্যাডভোকেসি ও আন্তর্জাতিক পরিমণ্ডলে সহযোগিতা জোরদারকরণে উল্লেখযোগ্য ব্যবস্থা গ্রহণ করছে। মূলত অ্যাডভোকেসির অংশ হিসেবে প্রতিযোগিতা আইন, ২০১২ ও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ে প্রচার ও প্রকাশনার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মুজিব বর্ষ (২০২০-২০২১) এ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন "**প্রতিযোগিতা সাময়িকী**"র ২য় প্রকাশনা প্রকাশ করছে। বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিতে বিলম্বে নিউজলেটার প্রকাশের জন্য সকলের কাছে দুঃখ প্রকাশ করছি।



বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি কর্তৃক কমিশনের ১ম নিউজলেটারের মোড়ক উন্মোচন

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পূর্ণাঙ্গ যাত্রা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন



জি. এম. সালেহ উদ্দিন
সদস্য



ড. এ এফ এম মনজুর কাদির
সদস্য



মোঃ মফিজুল ইসলাম
চেয়ারপার্সন



মোঃ আব্দুর রউফ
সদস্য



নাসরিন বেগম
সদস্য

## এসডিজি এর লক্ষ্য পূরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা

Sustainable Development Goals (SDG) বা টেকসই উন্নয়ন অভীষ্ট বলতে উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে অর্থনৈতিক অগ্রযাত্রা নিশ্চিতকরণ এবং একই সঙ্গে প্রকৃতি ও বাস্তুতন্ত্র তথা ইকোসিস্টেমকে উন্নয়ন কর্মকাণ্ডের বিরূপ প্রভাব থেকে মুক্ত রাখাকে বোঝায়। জাতিসংঘ ঘোষিত ১৫ বছর মেয়াদি ১৭টি অভীষ্ট সম্বলিত SDG পূরণে বাংলাদেশ তার কাঙ্ক্ষিত লক্ষ্য পূরণে কার্যক্রম অব্যাহত রেখেছে। এক্ষেত্রে এসডিজি'র জন্য কার্যকর পরিকল্পনা প্রণয়নের কোনো বিকল্প নেই। SDG বাস্তবায়নে অভ্যন্তরীণ উন্নয়নের পাশাপাশি বৈশ্বিক অংশীদারিত্বে স্থিতিশীলতা আনয়ন করতে হবে। SDG ২০৩০ এর অভীষ্ট লক্ষ্যমাত্রাসমূহ অর্জন করতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। সরকারের রূপকল্প ২০৪১ এর মূল লক্ষ্য হলো ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ দেশে রূপান্তর করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণ করা। এ লক্ষ্য অর্জনে ৪টি বিষয়কে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে: জিডিপিসহ মাথাপিছু জাতীয় আয়ের প্রবৃদ্ধি ত্বরান্বিত করা; উচ্চতর আয়ের সুফল সর্বজনীন করা; টেকসই ও পরিবেশবান্ধব উন্নয়ন নিশ্চিত করা এবং সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখা। প্রতিযোগিতা আইনের যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে প্রাসঙ্গিক বিধিমালা ও প্রবিধানমালা প্রণয়ন, নবগঠিত কমিশনের জনবল নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান, প্রতিযোগিতা আইনের সফল বাস্তবায়নে অ্যাডভোকেসি কার্যক্রম জোরদার ও আন্তর্জাতিক সহযোগিতায় আধুনিক সফটওয়্যার ভিত্তিক তথ্যভাণ্ডার গড়ে তোলাসহ সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের সফল বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ১৫ বছর মেয়াদি SDG ২০৩০ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

## মুজিব বর্ষ (২০২০-২০২১)

যথাযথ মর্যাদায় মুজিব বর্ষ ২০২০ উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে বছরব্যাপী কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত উদ্যোগসমূহ গ্রহণ করা হয়:

- বিগত ১৭-০৩-২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন;
- সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকমণ্ডলীর সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনের প্রত্যয়ে অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে উদ্বুদ্ধকরণ;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধুর অর্থনৈতিক দর্শন নিয়ে চেম্বারসমূহের সাথে আলোচনা ও মতবিনিময় সভার আয়োজন;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশিত মুক্তির সংগ্রাম অগ্রায়নের মাধ্যমে উচ্চ আয়ের দেশ গঠনে প্রতিযোগিতা আইনের প্রয়োগ বিষয়ক ইন্টারন্যাশনাল কনফারেন্স-সেমিনার আয়োজন;
- ভবিষ্যৎ প্রজন্মের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বছরব্যাপী গৃহীত কার্যক্রমসমূহের রেকর্ড সংকলন প্রকাশ;
- টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ বাস্তবায়নের লক্ষ্যে দেশের বৃহৎ পণ্য ও সেবা উৎপাদনকারী ও সরবরাহকারী এবং বিনিয়োগকারীদের নিয়ে সেমিনার ও সিম্পোজিয়াম আয়োজন করা, তথ্যপ্রযুক্তির ব্যবহার, পণ্য ও সেবার মান উন্নয়ন এবং ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সংশ্লিষ্টদের নিয়ে সেমিনার ও সিম্পোজিয়াম আয়োজন;
- ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তরের প্রয়োজনে প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির মাধ্যমে ব্যবসার উন্নয়ন ও রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে ব্যবসায়িক সংগঠনের সমন্বয়ে ওয়ার্কসপ আয়োজন এবং
- কমিশন কার্যালয়ে মুজিব কর্নার স্থাপন।

কোভিড-১৯ মহামারীর কারণে কমিশন কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিঘ্নিত হলেও কার্যক্রম চলমান রয়েছে। আশা করা যায় দেশে অনুকূল পরিস্থিতি সৃষ্টি হলে মুজিববর্ষ ২০২০ এর অবশিষ্ট কর্মসূচি বাস্তবায়ন জোরদার হবে।

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অংশগ্রহণ

প্রতিযোগিতা আইনের প্রচার, জনসাধারণের নিকট প্রতিযোগিতা কমিশনের সার্বিক কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান ও প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের বিষয়ে অভিযোগ প্রদান সম্পর্কে উদ্বুদ্ধ করার প্রয়াসে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ১ জানুয়ারি ২০২০ থেকে ৬ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত শেরে বাংলা নগরে অনুষ্ঠিত ২৫তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করে। কমিশনের কর্মকর্তাগণ মেলায় আগত দর্শনার্থীদের নিকট প্রতিযোগিতা আইন, ২০১২ ও প্রতিযোগিতা কমিশনের কর্মকাণ্ড তুলে ধরেন এবং অভিযোগ প্রদানের পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করেন। মেলায় দর্শনার্থীদের জন্য রক্ষিত মন্তব্য রেজিস্টারে ৬৫১ জন দর্শনার্থীর মন্তব্য পাওয়া যায় যা কমিশনের ভবিষ্যৎ কর্মপন্থা প্রণয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এছাড়া মেলায় আগত দর্শনার্থীদের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক প্রকাশিত কমিশনের প্রথম নিউজলেটার "প্রতিযোগিতা সাময়িকী"র প্রথম সংকলন বিতরণ করা হয়, যা প্রতিযোগিতা কমিশন সম্পর্কে জানতে জনগণকে ব্যাপকভাবে আগ্রহী করেছে এবং জনমনে নতুন উদ্দীপনা ও সাড়া জাগিয়েছে।

### ২৫তম আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২০






## ২১ শে ফেব্রুয়ারি উদযাপন


বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তৎকালীন পূর্ব পাকিস্তানের ছাত্র ও যুবসমাজসহ সর্বস্তরের মানুষের অংশগ্রহণে ঢাকার রাজপথে ১৪৪ ধারা ভঙ্গ করে মিছিল শুরু হলে পাকিস্তানি শাসক গোষ্ঠী মিছিলে গুলিবর্ষণ করে। এতে শহিদ হন সালাম, বরকত, রফিক, জব্বার, শফিকসহ নাম না জানা অনেকে। তাঁদের আত্মোৎসর্গকে স্মরণ করে ২১ ফেব্রুয়ারি ২০২০ তারিখ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের নেতৃত্বে বায়ান্নর ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণ করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



## একাত্তর টেলিভিশনের টকশোতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সনের অংশগ্রহণ

বিগত ২২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম "সুতা থেকে জাহাজ পুরোটাই কী আমরা চীন নির্ভর?" এবং ২৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে "সাধারণ মানুষের খরচ কী বাড়তেই থাকবে?" শিরোনামে একাত্তর টেলিভিশনে অনুষ্ঠিত টকশোতে অংশগ্রহণ করে তাঁর যুক্তিসংগত মতামত ব্যক্ত করেন।




## ২য় OECD কম্পিটিশন ওপেন ডে কর্মশালায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অংশগ্রহণ

OECD - Global Forum on Competition (GFC) এর আয়োজনে বিগত ২৫ ও ২৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত ২ দিন ব্যাপী ২য় OECD Competition Open Day এবং Vertical Mergers and Vertical Restraints শীর্ষক কর্মশালায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর চেয়ারপার্সনের একান্ত সচিব (উপসচিব) জনাব মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞাঁ অংশগ্রহণ করেন।



## আইসিএন মার্জার ওয়ার্কসপ ২০২০ এ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অংশগ্রহণ

International Competition Network (ICN) এবং Australian Competition and Consumer Commission (ACCC) এর যৌথ উদ্যোগে বিগত ২৭ ও ২৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অস্ট্রেলিয়ার মেলবোর্নে অনুষ্ঠিত ২ দিন ব্যাপী ICN Merger Workshop ২০২০ এ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষে অংশগ্রহণ করেন জনাব মোঃ মনোয়ার হোসেন, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ।



## নবযোগদানকারী সদস্যদের অবহিতকরণ সভা

বিগত ০৪ মার্চ ২০২০ তারিখ বুধবার সকাল ১১.০০ টায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য পদে নবযোগদানকারী সম্মানিত তিনজন সদস্যের উপস্থিতিতে কমিশনের সম্মেলন কক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের সভাপতিত্বে এক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সম্মানিত সদস্যগণ যথাক্রমে জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির ও জনাব নাসরিন বেগম-কে কমিশনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।





## চালের মূল্য বৃদ্ধির কারণ উদ্‌ঘাটন, তথ্য সংগ্রহ, উত্তরণের উপায় ও এ্যাডভোকেসি বিষয়ক মতবিনিময় সভা




বিগত ১৬ মার্চ ২০২০ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে চালের মূল্য বৃদ্ধির কারণ উদঘাটন, তথ্য সংগ্রহ, উত্তরণের উপায় এবং এ্যাডভোকেসি বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম সভাপতিত্ব করেন। সভায় কমিশনের সম্মানিত সদস্যবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি, অটো রাইস মিলের মালিক/প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বাজার প্রতিযোগিতামূলক করার ক্ষেত্রে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা তুলে ধরা হয় এবং সাম্প্রতিক চালের মূল্য বৃদ্ধির কারণ সম্পর্কে অটো রাইস মিলের মালিক/প্রতিনিধিদের মতামত গ্রহণ করা হয়। সভায় চেয়ারপার্সন নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

১। দেশে পর্যাপ্ত পরিমাণ খাদ্যশস্য মজুদ রয়েছে, সুতরাং কেউ/কোনো ব্যবসায়ী যেন যোগসাজশের মাধ্যমে চালের মূল্যবৃদ্ধি না করতে পারে সেজন্য ব্যবসায়ীদের অনুরোধ করা হয়।

২। চাল একটি নিত্য প্রয়োজনীয় পণ্য, কেউ/কোনো ব্যবসায়ী যোগসাজশের মাধ্যমে এর অপব্যবহার করলে বা প্রতিযোগিতা বিরোধী কোন কর্মকাণ্ড করলে কমিশন যথাযথ আইনী পদক্ষেপ গ্রহণ করবে এবং

৩। খাদ্য মন্ত্রণালয়ের মাধ্যমে আড়তদার, মিলার ও সংশ্লিষ্টদের নিকট হতে ধান ও চালের মজুদ পরিস্থিতি বিষয়ক তথ্য সংগ্রহের অনুরোধ করা হয়।

## কমিশন কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন




যথাযথ ভাবগাম্ভীর্য ও মর্যাদার সাথে মুজিববর্ষ ২০২০ উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন করা হয়। কমিশনের বছরব্যাপী পরিকল্পনার অংশ হিসেবে বিগত ১৭ মার্চ ২০২০ তারিখ অত্যন্ত আড়ম্বরপূর্ণ পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে সকল সদস্য, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন, কৃতিত্ব, গুণাবলী ও আদর্শ সম্পর্কে আলোকপাত করা হয়। সভায় বক্তব্য প্রদান করেন সম্মানিত সদস্যগণ জনাব জি. এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির ও নাসরিন বেগম এবং সচিব (ভারপ্রাপ্ত) ও পরিচালক জনাব মোঃ খালেদ আবু নাছের।

## ইন্টারন্যাশনাল কম্পিটিশন নেটওয়ার্ক (আইসিএন) এ মতামত প্রদান

ইন্টারন্যাশনাল কম্পিটিশন নেটওয়ার্ক (আইসিএন) কর্তৃক বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে স্বাস্থ্য ও অর্থনৈতিক ক্ষেত্রসহ অন্যান্য খাতের বিরূপ প্রভাব মোকাবেলায় সরকারকে সহযোগিতার লক্ষ্যে বিভিন্ন দেশের প্রতিযোগিতা সংস্থার উদ্যোগ সম্পর্কে জানতে চাওয়া হয়। এ প্রেক্ষিতে, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক কোভিড-১৯ চলাকালীন সময়ে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে নিয়মিত অফিস খোলা রাখা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে ব্যবসায়ী শ্রেণীকে করোনা মোকাবেলায় মাস্ক ও স্যানিটাইজার সরবরাহ করার ক্ষেত্রে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য বিশেষ সতর্কতামূলক বিজ্ঞপ্তি প্রচার ও বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলনে ভার্চুয়াল অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে কমিশনের কার্যক্রম চলমান রাখা হয় মর্মে বিগত ২৯ মে ২০২০ তারিখে ইন্টারন্যাশনাল কম্পিটিশন নেটওয়ার্ক (আইসিএন) কে অবহিত করা হয়।

## কোভিড-১৯ পরিস্থিতিতে সীমিত পরিসরে অফিস খোলা রাখা বিষয়ক সরকারী সিদ্ধান্ত বাস্তবায়ন ও করণীয় নির্ধারণ সংক্রান্ত আলোচনা সভা

কোভিড-১৯ পরিস্থিতিতে সীমিত পরিসরে অফিস খোলা রাখা বিষয়ক সরকারী সিদ্ধান্ত বাস্তবায়ন ও করণীয় নির্ধারণ সংক্রান্ত একটি সভা বিগত ৩১ মে ২০২০ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এর সভাপতিত্বে কমিশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিশনের সম্মানিত সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


(ক) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত ১৩ দফা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে।
(খ) ২০১৯-২০ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে।
(গ) করোনা ভাইরাসজনিত রোগ প্রতিরোধে প্রয়োজনীয় জীবাণুনাশকসহ অন্যান্য নিরাপত্তা সামগ্রী জরুরিভাবে ক্রয় করতে হবে।
(ঘ) করোনা ভাইরাসজনিত রোগ এর পাশাপাশি ডেঙ্গু রোগ প্রতিরোধেও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে হবে এবং
(ঙ) করোনা ভাইরাসজনিত রোগ এর পাশাপাশি ডেঙ্গু রোগ প্রতিরোধেও প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার পরিচালনাকারী কর্তৃপক্ষকে অনুরোধ করতে হবে।



## Special Meeting of High Level Representatives of Asia-Pacific Competition Authorities-Competition in Times of Covid-19

বিগত ১৫ জুলাই, ২০২০ তারিখে প্যারিস সময় সকাল ৯:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত জুম মিটিং এর মাধ্যমে অনুষ্ঠিত Special Meeting of High Level Representatives of Asia-Pacific Competition Authorities - Competition in Times of Covid-19 শীর্ষক ওয়েবিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন "Competition Policy in the Asia- Pacific in the Time of COVID-19: Role of BCC" বিষয়ে পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করেন। উক্ত ওয়েবিনারে ওইসিডি কম্পিটিশন কমিটির চেয়ারম্যান Mr. Frédéric Jenny সভাপতিত্ব করেন। ওয়েবিনারে State Interventions in Asia Pacific শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ান কম্পিটিশন এন্ড কনজ্যুমার কমিশনের প্রাক্তন চেয়ারম্যান Mr. Allan Fels.

# Virtual Sector Specific Workshop on Health Sector




বিগত ১৭ জুলাই ২০২০ তারিখে প্যারিস সময় সকাল ০৯:০০ টা থেকে বেলা ১:০০ টা পর্যন্ত জুম মিটিং এর মাধ্যমে অনুষ্ঠিত OECD-KPC web-Workshop on Health Sector:16-21 July এর দ্বিতীয় কর্মদিবসে Virtual Sector Specific Workshop on Health Sector শীর্ষক ওয়েবিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম "Enforcement Experience Sharing of Health Sector" বিষয়ে পাওয়ারপয়েন্ট উপস্থাপন করেন। উক্ত ওয়েবিনারে সভাপতিত্ব করেন Mr. Ho Tae Kim, মহাপরিচালক, ওইসিডি-কেপিসি কম্পিটিশন প্রোগ্রাম। ওয়েবিনারে মডারেটরের দায়িত্ব পালন করেন Mr. Ruben Maximiano, সিনিয়র কম্পিটিশন এক্সপার্ট, ওইসিডি। ওয়েবিনারে Ms. Ana Sofia Rodrigues, চিফ ইকোনমিস্ট, পর্তুগিজ কম্পিটিশন অথরিটি, Mr. Stuart Flynn, পরিচালক, অস্ট্রেলিয়ান কম্পিটিশন এন্ড কনজ্যুমার কমিশন, Mr. Stephen Ryan প্রধান আইন উপদেষ্টা, হংকং কম্পিটিশন কমিশন এবং Mr. Paulo Burnier সিনিয়র কম্পিটিশন এক্সপার্ট, ওইসিডি প্রমুখ ব্যক্তিগণ তাঁদের উপস্থাপনা তুলে ধরেন। উক্ত ওয়েবিনারে অন্যান্য কম্পিটিশন কমিশনের পাশাপাশি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। উল্লেখ্য, OECD-KPC কর্তৃক প্রকাশিত রিভিউতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সনের উক্ত উপস্থাপনা লিখিত আকারে স্থান পায় এবং Workshop এ কমিশনের চেয়ারপার্সন কর্তৃক উত্থাপিত প্রশ্নের প্রেক্ষিতে OECD-KPC কর্তৃক ইতিবাচক সাড়া পাওয়া যায়।

# জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন

১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস উপলক্ষে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত টিসিবি মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিল এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত কমিশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারর্পাসন জনাব মোঃ মফিজুল ইসলাম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনপূর্বক বক্তব্য পেশ করেন। উক্ত অনুষ্ঠানসমূহে কমিশনের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণে কমিশনের সম্মানিত সদস্য ও কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

কমিশন কর্তৃক আয়োজিত সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য প্রদান করেন জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, নাসরিন বেগম, সদস্য, জনাব মোঃ কবীরুল হাসান, সচিব, জনাব মোঃ খালেদ আবু নাছের, পরিচালক ও জনাব মোঃ জাকির হোসেন, অফিস সহায়ক প্রমুখ। আলোচনা সভায় উপস্থাপনা করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উপপরিচালক জনাব মোঃ মাহবুব আলম। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



টিসিবি মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে জাতির পিতার প্রতিকৃতিতে কমিশনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ



জাতীয় শোক দিবস উপলক্ষে কমিশন কর্তৃক আয়োজিত আলোচনা সভায় বক্তব্য প্রদান করছেন চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ৪র্থ সভা

বিগত ৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে কমিশনের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন অনুমোদন ও বিবিধ বিষয়ে ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। রাজধানী আইডিয়াল স্কুল এন্ড কলেজের বিরুদ্ধে একক উৎস হতে শিক্ষার্থীদের স্কুল ইউনিফর্ম ক্রয় করতে বাধ্য করার বিষয়ে আনীত অভিযোগের শুনানীর তারিখ ও সময় নির্ধারণ;

২। ভিকারুন্নিসা স্কুল এন্ড কলেজের বিরুদ্ধে ইউনিফর্ম সরবরাহের অনিয়ম বিষয়ে সমকাল পত্রিকায় প্রকাশিত সংবাদের 'পেপার কাটিং' অনুসারে উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের শুনানীর তারিখ ও সময় নির্ধারণ;

৩। র‍্যাংগস ইলেক্ট্রনিক্স লিমিটেড এর বিরুদ্ধে জনাব আবু বক্কর সিদ্দিক কর্তৃক স্বাক্ষরিত একটি অভিযোগের শুনানীর তারিখ ও সময় নির্ধারণ;

৪। দুয়ারীপাড়া আইন উদ্দিন হায়দার ও ফয়জুন্নেসা ওয়াকফ লিজি হাউজিং লিমিটেড সংক্রান্ত অভিযোগটি সংশ্লিষ্ট প্রতিযোগিতা আইন, ২০১২ এর এখতিয়ারভুক্ত নয় বিধায় নথিজাত;

৫। আউটসোর্সিং টেন্ডারে বিধি বহির্ভূতভাবে অত্যধিক হারে সিকিউরিটি জামানত ও আর্থিক যোগ্যতার শর্ত আরোপ বিষয়ক আবেদনের অভিযোগ বিষয়ে সর্বশেষ অবস্থা জানানোর জন্য প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পত্র প্রেরণ;

৬। ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখে 'দ্যা ফিন্যান্সিয়াল এক্সপ্রেস' পত্রিকায় 'পাঠাও' এবং 'শিওরক্যাশ' প্রতিষ্ঠানদ্বয়ের জোটবদ্ধতা বিষয়ে প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিষ্ঠানদ্বয়কে পত্র দেওয়া হলে প্রতিষ্ঠানদ্বয় এরূপ জোটবদ্ধতা হয়নি বলে লিখিতভাবে জানানোর প্রেক্ষিতে বিদ্যমান বিষয়টি নথিজাত করে সংশ্লিষ্ট পত্রিকাকে কিসের ভিত্তিতে এধরণের প্রতিবেদন প্রত্রিকায় প্রকাশিত হলো সেই বিষয়ে পত্র দেয়ার সিদ্ধান্ত গ্রহণ এবং

৭। ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের খসড়া চূড়ান্ত অনুমোদন করা হয়।



## ডিজিটাল অর্থনীতি বিষয়ক সভা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের সভাপতিত্বে বিগত ৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে ডিজিটাল অর্থনীতি বিষয়ক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয়ঃ

১। বাংলাদেশে বিগত ০৫ বছরের ডিজিটাল মার্কেটের বছর ভিত্তিক ক্রম উন্নয়ন;
২। সর্বোচ্চ ২০ টি ই-কমার্স প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত;
৩। ডিজিটাল অর্থনীতি সম্পর্কিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীত বিদ্যমান আইন নীতিমালা;
৪। ডিজিটাল আইন ও নীতিমালার সুবিধাসমূহ;
৫। ডিজিটাল মার্কেটের চ্যালেঞ্জসমূহ এবং উত্তরণের উপায়; এবং
৬। বিদ্যমান আইন ও নীতিমালা ডিজিটাল অর্থনীতি বিকাশের সহায়ক কিনা বা না হয়ে থাকলে তার কারণসহ বিবিধ বিষয়ে আলোচনা।

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর কর্মকাণ্ড বিষয়ে সমাজে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান

প্রতিযোগিতা আইন ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকাণ্ড বিষয়ে সমাজে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিগত ৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভাকক্ষে প্রতিযোগিতা কমিশনের অ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে ২০১৯-২০২০ অর্থবছরে আয়োজিত রচনা প্রতিযোগিতা ২০১৯ এর বিজয়ী প্রতিযোগিদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মোঃ জাফর উদ্দীন। তিনি ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থীদেরকে অভিনন্দন এবং কমিশনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া, ভবিষ্যতে এ ধরনের আয়োজন অব্যাহত রাখার জন্য তিনি কমিশনকে অনুরোধ করেন।

বিশ্ববিদ্যালয় পর্যায়ে রচনা প্রতিযোগিতায় ১ম স্থান অর্জনকারী জনাব মোঃ মোনারুল ইসলাম এবং তৃতীয় স্থান অর্জনকারী জনাব মোঃ তারিকুল ইসলাম ব্যবসা বাণিজ্যে প্রতিযোগিতা বৃদ্ধি করে বৈষম্য কমাতে কমিশনের হয়ে ভূমিকা পালনের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। রচনা প্রতিযোগিতায় ২য় স্থান অধিকারী জনাব নাজমুন নাহার নুপূর অনুপস্থিত থাকায় তাঁর পক্ষে তাঁর স্বামী পুরস্কার গ্রহণ করেন।

উক্ত অনুষ্ঠানে কমিশনের সংক্ষিপ্ত পরিচিতি এবং রচনা প্রতিযোগিতা-২০১৯ আয়োজন বিষয়ক তথ্য উপস্থাপন করেন কমিশনের উপ-পরিচালক জনাব আনোয়ার-উল-হালিম। উক্ত আয়োজনে কমিশনের সম্মানিত সদস্যগণ জনাব নাসরিন বেগম, জনাব জি. এম সালেহ উদ্দিন, জনাব ড. এ এফ এম মনজুর কাদির ও জনাব মোঃ আব্দুর রউফ প্রতিযোগিদের উদ্দেশ্যে তাঁদের উৎসাহব্যঞ্জক ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানের সভাপতি ও কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদেরকে ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করেন।



# ডিজিটাল অর্থনীতির ক্ষেত্রে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্ভাবনা ও চ্যালেঞ্জ

বাংলাদেশ সরকার টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০ এর লক্ষ্যকে অন্তর্ভুক্ত করে ভিশন ২০২১ ও ২০৪১ গ্রহণ করেছে যার উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশকে উন্নত দেশের কাতারে উন্নীত করা। এ প্রেক্ষাপটে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার তথ্যপ্রযুক্তিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে অসামান্য সাফল্য অর্জন করেছে।

বাংলাদেশের অর্থনীতি দ্রুত সম্প্রসারিত হচ্ছে। আমাদের জিডিপি প্রবৃদ্ধির গড় হার গত এক দশক ধরে ৬.৭% এর উপরে অবস্থান করছে। বাংলাদেশের ডিজিটাল অর্থনীতি ক্রমবিকাশমান। ই-কমার্সের সক্ষমতা বাড়াতে এবং সুফল লাভ করতে সরকার ইতোমধ্যে ই-কমার্স রেডিনেস ও আইসিটি অবকাঠামোসহ ৭টি পলিসি খাতে গুরুত্ব আরোপ করেছে। বর্তমানে বাংলাদেশের ই-কমার্স মার্কেটের আকার ১.৬ বিলিয়ন ডলারের সমপরিমাণ যা ২০২৩ সালের মধ্যে ৩ বিলিয়ন ডলারে উন্নীত হবে মর্মে আশা করা যায়। আমাদের একটি বিরাট তরুণ জনগোষ্ঠীসহ প্রায় ১৭ কোটি লোক রয়েছে। কাজেই ই-কমার্স ব্যবসার জন্য বাংলাদেশ একটি সম্ভাবনাময় ক্ষেত্র ও উদীয়মান বাজার।

ডিজিটাল অর্থনীতি সুশৃঙ্খলভাবে পরিচালিত করার জন্য বর্তমানে আমাদের আইসিটি অ্যাক্ট, ২০০৬; ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯; প্রতিযোগিতা আইন, ২০১২; ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এবং জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা-২০১৮ রয়েছে।

## সম্ভাবনা ও চ্যালেঞ্জ

ই-কমার্স বা ইলেক্ট্রনিক বাণিজ্যের কারণে স্বল্প খরচে অধিক সেবাকর্ম পাওয়া যায় বলে সেবাকর্মের চাহিদা বেড়ে যায় ও কোম্পানির দক্ষতা বৃদ্ধি পায়। ব্যবসায় টিকে থাকার স্বার্থে কোম্পানিসমূহ ইনোভেশনের প্রতি মনোযোগী হয়। ফলে পণ্য ও সেবায় বৈচিত্র্য বাড়ে। এতে ভোক্তা উপকৃত হয়। উপরন্তু, অবাধ তথ্য প্রবাহ ভোক্তার অধিকার প্রতিষ্ঠা করে।

ডিজিটাল অর্থনীতির ক্ষেত্রে ডাটা সংগ্রহ ও বিশ্লেষণ, ডাটা প্রাইভেসি ও ডাটা প্রটেকশন, নতুন ধরনের মার্কেট স্ট্রাকচার এবং বিজনেস মডেলের উদ্ভব, প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড সনাক্তকরণ ইত্যাদি বিষয় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সামনে চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হয়েছে। এটি শুধু বাংলাদেশে নয় বিশ্বের সকল দেশের কম্পিটিশন এজেন্সিসমূহের জন্যই চ্যালেঞ্জ। এ কারণে আইসিএন এর ২০২০ সালের ভার্চুয়াল অ্যানুয়াল কনফারেন্সের মূল আলোচ্য বিষয় ছিল ডিজিটাল অর্থনীতি।

২০২০ ভার্চুয়াল অ্যানুয়াল কনফারেন্স এর আয়োজক সংস্থা যুক্তরাষ্ট্র ফেডারেল ট্রেড কমিশন ও যুক্তরাষ্ট্র ডিপার্টমেন্ট অব জাস্টিস কর্তৃক আইসিএন এর সকল সদস্য এজেন্সিকে নিম্নে বর্ণিত দুটি প্রশ্ন বিবেচনায় নিয়ে ৫ মিনিটের একটি ভিডিও প্রস্তুত করার অনুরোধ করা হয়ঃ

(১) Is antitrust enforcement equipped to address challenges of the digital economy? Provide one or two reasons why.

(২) From your experience, provide one or two key considerations for agencies and policy makers addressing competition in the digital economy.

উক্ত অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক ৫ মিনিটের একটি ভিডিও প্রস্তুত পূর্বক ই-মেইলে আয়োজক সংস্থাকে প্রেরণ করা হয়। সকলের নিকট প্রদর্শনের জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক প্রেরিত ভিডিওটি গত ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখ আইসিএন এর ওয়েব সাইটে আপলোড করা হয়। উল্লেখ্য, আইসিএন এর ওয়েবসাইটে শোকেস প্রোগ্রাম অংশে ১৮টি দেশের অন্যতম হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভিডিওবার্তা সন্নিবেশিত রয়েছে।



## পেঁয়াজের বাজারে অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণ যাচাই সংক্রান্ত সভা

বিগত ২০ সেপ্টেম্বর ২০২০ তারিখ মঙ্গলবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভাকক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের সভাপতিত্বে বাজারে পেঁয়াজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণ যাচাই এবং এতদসংক্রান্ত বিষয়াদি পর্যালোচনার লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত সদস্য ও কর্মকর্তাগণ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর মহাপরিচালক জনাব বাবলু কুমার সাহা, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, কৃষি মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিবৃন্দ এবং পেঁয়াজ আমদানিকারক ও আড়তদারগণ উপস্থিত ছিলেন।



## জনবল নিয়োগের মৌখিক পরীক্ষা

বিগত ২০ সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত মোট ৬ দিন ব্যাপী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যালয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নিয়োগবিধি ২০১৯ অনুসারে প্রোগ্রামার, সহকারী পরিচালক, সহকারী পরিচালক (গবেষণা), সহকারী প্রোগ্রামার, হিসাব রক্ষণ কর্মকর্তা, লাইব্রেরিয়ান, ব্যক্তিগত সহকারী, হিসাব রক্ষক, কম্পিউটার অপারেটর, স্টোর কিপার, ক্যাশিয়ার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিপরীতে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, কমিশন নির্ধারিত বিভিন্ন ক্যাটাগরির পদের বিপরীতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণের পর বিগত ০৫ এপ্রিল ২০১৯ তারিখে লিখিত পরীক্ষা ও বিগত ১২ এপ্রিল ২০১৯ তারিখ ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।

## বার্ষিক প্রতিবেদন (২০১৯-২০২০) প্রকাশ

প্রতিযোগিতা আইন ২০১২ এর ৩৯ (১) ধারার আলোকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক পূর্ববর্তী অর্থবছরে সম্পাদিত কার্যাবলী সম্পর্কে একটি প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির সমীপে উপস্থাপন করার বিধান রয়েছে। বিগত ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত কার্যাবলীর প্রস্তুতকৃত বার্ষিক প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির সমীপে উপস্থাপনের লক্ষ্যে সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় ঢাকায় প্রেরণের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বার্ষিক প্রতিবেদন (২০১৯-২০২০) এর ২টি কপি সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

# সাংবাদিকগণের অংশগ্রহণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ কর্মশালা

বিগত ০৭ অক্টোবর ২০২০ ও ০৮ অক্টোবর ২০২০ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সম্মেলন কক্ষে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণের অংশগ্রহণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী দিনে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এবং সভাপতির দায়িত্ব পালন করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন। দুদিন ব্যাপী এ আয়োজনে বিশিষ্ট আলোচকবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনের সদস্য জনাব নাসরিন বেগম, সদস্য জনাব মোঃ আব্দুর রউফ, সদস্য ড. এ এফ এম মনজুর কাদির, জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ঝুকিপূর্ণ শিশু শ্রম নিরসন প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও প্রাক্তন পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনাব মোঃ খালেদ আবু নাছের, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং ব্যারিষ্টার মাফরুহা মারফি, পরামর্শক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। কর্মশালায় বক্তাগণ ও গণমাধ্যম কর্মীদের মধ্যে প্রতিযোগিতা আইন ২০১২, প্রতিযোগিতা বিরোধী চুক্তি (কার্টেল), কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার, প্রতিযোগিতা সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা, জোটবদ্ধতা (মার্জার), ডিজিটাল অর্থনীতি এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায় প্রভৃতি বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপন শেষে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।






# ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশ (ডিজেএফবি) এর সাংবাদিকগণের অংশগ্রহণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ কর্মশালা

বিগত ১১ অক্টোবর ২০২০ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সম্মেলন কক্ষে ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশ (ডিজেএফবি) এর সাংবাদিকগণের অংশগ্রহণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। এ আয়োজনে ভার্চুয়াল কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথির আসন অলংকৃত করেন সম্মানিত সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ড. মোঃ জাফর উদ্দীন এবং সভাপতিত্ব করেন সম্মানিত চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন জনাব মোঃ মফিজুল ইসলাম। এ আয়োজনে বিশিষ্ট আলোচকবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য জনাব মোঃ আব্দুর রউফ ও সদস্য ড. এ এফ এম মনজুর কাদির, জনাব মোঃ খালেদ আবু নাছের, পরিচালক, ব্যারিষ্টার মাফরুহা মারফি, পরামর্শক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। কর্মশালায় বক্তাগণ ও গণমাধ্যম কর্মীদের মধ্যে প্রতিযোগিতা আইন, ২০১২, প্রতিযোগিতা বিরোধী চুক্তি (কার্টেল), কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার, প্রতিযোগিতা সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা, জোটবদ্ধতা (মার্জার), ডিজিটাল অর্থনীতি এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায় প্রভৃতি বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপন শেষে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।





## ৮ম ইউএন কম্পিটিশন এবং কনজ্যুমার প্রটেকশন বিষয়ক কনফারেন্সে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অংশগ্রহণ

UNCTAD কর্তৃক ৫ দিন ব্যাপী ৮ম ইউএন কম্পিটিশন এবং কনজ্যুমার প্রটেকশন বিষয়ক কনফারেন্স (অনলাইন/অফলাইন) বিগত ১৯-২৩ অক্টোবর ২০২০ তারিখে জেনেভায় অনুষ্ঠিত হয়। কনফারেন্সে জেনেভায় বাংলাদেশ মিশনের কমার্সিয়াল কাউন্সিলর জনাব দেবব্রত চক্রবর্তী অংশগ্রহণ করেন। করোনা মহামারীর কারণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কোন প্রতিনিধির পক্ষে উক্ত কনফারেন্সে সরাসরি অংশগ্রহণ করা সম্ভব হয়নি। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এবং কমিশনের অন্যান্য সদস্য ও কর্মকর্তাবৃন্দ ভার্চুয়াল প্লাটফর্মে উক্ত কনফারেন্সে অংশ গ্রহণ করেন।

UNITED NATIONS
UNCTAD

Competition for growth
Bangladesh Competition Commission




# “মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি”


## উপদেষ্টা পরিষদ

**মোঃ মফিজুল ইসলাম**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

**মোঃ আব্দুর রউফ**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহবায়ক
সম্পাদনা পরিষদ

**মোঃ খালেদ আবু নাছের**
পরিচালক

**নূর মোহাম্মদ মাসুম**
পরিচালক

**মোঃ মাহবুব আলম**
উপপরিচালক

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক


Competition for growth

Bangladesh Competition Commission


**প্রকাশনায় :**

**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**



৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন : +৮৮ ০২ ৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স : ০২ ৫৮৩১৫৫৮৭
ই-মেইল : secretary.ccb202@gmail.com